



## Association for Protection of Democratic Rights

গণতান্ত্রিক অধিকার রক্ষা সমিতি  
Eternal Vigilance is the Price of Liberty

18 MadanBaralLane , Kolkata- 700 012

Website: [www.apdrwb.in](http://www.apdrwb.in) Email: [apdr.wb@gmail.co](mailto:apdr.wb@gmail.co)

Contact: 9432276415/ 8981416511

### প্রেস বিবৃতি

কলকাতা: সোমবার, ৬ই জানুয়ারী, ২০২০, রাত ১০টা ১৫ মিনিট

রাজ্য সরকার ক্রমশই কথার সাথে কাজের অমিল দেখাচ্ছে। মুখ্যমন্ত্রী নিজে ছাত্রছাত্রীদের আন্দোলন করতে বলেছেন। অথচ তাঁর সরকারের পুলিশ যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রী ও গণতান্ত্রিক মানুষজনের উপর আজ বেধড়ক লাঠি চালাল। গতকাল জেএনইউ-তে হিন্দুত্বের স্বঘোষিত ধ্বজাধারী গুন্ডারা যে বীভৎস হামলাবাজী করেছে তারা তার প্রতিবাদে রাস্তায় নেমেছিলেন বিবেকের তাড়নায়। এটা সচেতন সমাজের গণতান্ত্রিক অধিকার এবং কর্তব্য। অধঃপতিত রাজ্য-পুলিশ আজ সেই আন্দোলনের উপরই লাঠি চালাল। আহত করল অনেকে। এপিডিআর পুলিশের এই আচরণকে তীব্র নিন্দা জানাচ্ছে। দোষী পুলিশের শাস্তিদাবি করছে। এপিডিআর আরও দাবি করছে: মুখ্যমন্ত্রী নিজে পুলিশ মন্ত্রী হওয়ায় তিনি তাঁর দায় স্বীকার করে নিন।

ধীরাজ সেনগুপ্ত

General Secretary  
Association For Protection  
Of Democratic Rights